

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৮৭৭

৫৩/ সংসারের প্রতি অনাসক্তি ও অন্তরের কোমলতা (১ইলি এটা হাট্র)

পরিচ্ছেদঃ ৫৩/১. ক্রন্দনরত অবস্থা ব্যতীত নিজেদের আত্মার প্রতি জুলুমকারী লোকদের বসবাস এলাকায় প্রবেশ করো না।

لا تدخلوا مساكن الذين ظلموا أنفسهم إلا أن تكونوا باكين

আর্বী

حديث عَبْدِ اللهِ بْنِ عُمَرَ، أَنَّ النَّاسَ نَزَلُوا مَعَ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْضَ تَمُودَ، الْحِجْرَ، فَاسْتَقَوْا مِنْ بِنْرِهَا، وَاعْتَجَنُوا بِهِ فَأَمَرَهُمْ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُهْرِيقُوا مَا اسْتَقَوْا مِنْ بِنُرِهَا، وَأَنْ يَعْلِفُوا الإِبِلَ الْعَجِينَ وَأَمَرَهُمْ أَنْ يَسْتَقُوا مِنَ الْبِئْرِ الَّتِي كَانَ تَرِدُهَا النَّاقَةُ

বাংলা

১৮৭৭. আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সাহাবীগণ রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সামূদ জাতির আবাসস্থল হিজর নামক স্থানে অবতরণ করলেন আর তখন তারা এর কূপের পানি মশকে ভরে রাখলেন এবং এ পানি দ্বারা আটা গুলে নিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে হুকুম দিলেন, তারা ঐ কূপ হতে যে পানি ভরে রেখেছে, তা যেন ফেলে দেয় আর পানিতে গুলা আটা যেন উটগুলোক খাওয়ায় আর তিনি তাদের আদেশ করলেন তারা যেন ঐ কূপ হতে মশক ভরে যেখান হতে [সালিহ (আঃ)]-এর উটনীটি পানি পান করত।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬০: নাবীগণের (আঃ) হাদীসসমূহ, অধ্যায় ১৭, হাঃ ৩৩৭৯; মুসলিম, পর্ব ৫৩ : সংসারের প্রতি অনাসক্তি ও অন্তরের কোমলতা, অধ্যায় ১, হাঃ ২৯৮০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন